# এমএসএস খবর

জুন, ২০২১ সংখ্যা

MSS
Working for the People

## এমএসএস প্রধান কার্যালয়ে এসএমএপি প্রকল্পের কর্মকৌশল বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত



বিগত জুন ০২, ২০২১ তারিখে জাইকা এর অর্থায়নে এবং বাংলাদেশ ব্যাংকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিচালিত এবং এমএসএস কর্তৃক বাস্তবায়িত 'এসএমএপি প্রকল্প' বিষয়ে বাংলাদেশ ব্যাংক-এর সিনিয়র কর্মকর্তাদের সাথে এমএসএস-এর সিনিয়র ব্যবস্থাপনা কর্তৃপক্ষের একটি বিশেষ আলোচনা সভা সংস্থা'র ঢাকাস্থ প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে, মাঠ পর্যায়ে এসএমএপি প্রকল্প যথাযথভাবে পরিচালনার বিভিন্ন দিক, বিগত এক বছরের বিভিন্ন পর্যবেক্ষণ এবং বর্তমান করোনাকালীন প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন কৌশলগত পদক্ষেপ গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। উল্লেখ্য, আলোচনা সভায় বাংলাদেশ ব্যাংক টিম-এর নেতৃত্ব দেন জনাব একেএম সাইদুজ্জামান (উপ-মহাব্যবস্থাপক ও উপ-প্রকল্প পরিচালক) এবং এমএসএস টিম-এর নেতৃত্ব দেন সংস্থা'র নির্বাহী পরিচালক জনাব মুনাওয়ার রেজা খান।

## ঊনষাট জন মেধাবী শিক্ষার্থীকে সাত লক্ষাধিক টাকা শিক্ষাবৃত্তি দিলো এমএসএস



মানবিক সাহায্য সংস্থা (এমএসএস) তার উদ্বৃত্ত আয় থেকে সামাজিক কার্যক্রমের আওতায় 'বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি' এবং পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত শিক্ষাবৃত্তির চেক উনষাট জন মেধাবী শিক্ষার্থীর মাঝে হস্তান্তর করেছে।

'বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি' এর আওতায় এমএসএস বুয়েট এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ২ জন মেধাবী শিক্ষার্থীকে বাৎসরিক ৩৬ হাজার টাকা করে মোট ৭২ হাজার টাকার চেক হস্তান্তর করে। উক্ত উচ্চশিক্ষা বৃত্তির চেক হস্তান্তর অনুষ্ঠান মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথোরিটি কার্যালয়ে ইভিসি মহোদয়ের উপস্থিতিতে অনুষ্ঠিত হয়। এছাড়া, পিকেএসএফ এর অর্থায়নে এসএসসি পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল করায় ৫৭ জন শিক্ষার্থীকে ১২ হাজার টাকা করে মোট ৬ লাখ ৮৪ হাজার টাকার চেক হস্তান্তর করা হয়েছে।

## বেকার ও অনভিজ্ঞ যুবকদের জন্য এমএসএস এর বিনামূল্যে 'সার্টিফিকেট কোর্স অন মাইক্রোফিন্যান্স' প্রশিক্ষণ



মাইক্রোফিন্যান্স সেক্টরে দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস) এর ট্রেনিং ইউনিট নিয়মিতভাবে সংস্থা'র সৈয়দপুরস্থ কমিউনিটি বেইজড রিসোর্স সেন্টার- এ বেকার এবং অনভিজ্ঞ চাকুরি প্রত্যাশীদের মধ্য থেকে বাছাইকৃত প্রার্থীদের সম্পূর্ণ বিনামূল্যে দুই দিনের রেসিডেনসিয়াল ট্রেনিং এর মাধ্যমে মাইক্রোক্রেডিট কার্যক্রম বিষয়ে প্রশিক্ষণ পরিচালনা করে আসছে।

উল্লেখ্য, প্রশিক্ষণে ভালো পারফর্মকারী প্রশিক্ষণার্থীদের সংস্থায় নিয়োগ দেওয়া হয়। এছাড়াও প্রশিক্ষণ সম্পন্নকারী সকল ব্যক্তিকে সনদ প্রদান করা হয় যা তাকে অন্য মাইক্রোফিন্যান্স প্রতিষ্ঠানে চাকরি পেতে সহায়তা করে। এমএসএস ট্রেনিং ইউনিট জুন, ২০২১ পর্যন্ত ৩০টি ব্যাচের মাধ্যমে মোট ৬৪৩ জন বেকার ও অনভিজ্ঞ চাকুরি প্রত্যাশী যুবককে প্রশিক্ষণ প্রদান করেছে।

## ড্রেস মেকিং ও টেইলরিং কোর্স করে স্বাবলম্বী হতে চান রাশিদা খাতুন



রাশিদা খাতুন (১৪), বাস করেন ঠাকুরগাঁও সদরের খলিশাকুড়ি গ্রামে। এমএসএস টেকনিক্যাল স্কুল (এমটিএস)- এ ড্রেস মেকিং ও টেইলরিং কোর্স করছেন তিনি। পরিবারের সদস্য সংখ্যা পাঁচ। বাবা ট্রলি চালক, মা গাভী পালন করেন। বাবার দিন চুক্তিতে আয় আর গাভীর দুধ বেচার টাকা দিয়ে সংসার চলে তাদের।

কষ্টের সংসার, তাই অল্প বয়সেই রাশিদা পড়াশোনার পাশাপাশি কাজ শেখার সিদ্ধান্ত নেন। কিন্তু মনের মতো প্রশিক্ষণ কেন্দ্র বা প্রতিষ্ঠান পাচ্ছিলেন না। ভালো প্রতিষ্ঠান সবই শহর কেন্দ্রিক, গ্রামে যার দেখা মেলে না। রাশিদার মা এমএসএস- এর নারী ঋণ কর্মসূচির সদস্য। সেখান থেকেই তিনি এমটিএস- এর খবর পান। বাড়ি থেকে মাত্র ২ কি: মি: দূরে এমটিএস। এর চেয়ে ভালো খবর আর কি হতে পারে!

এক এক করে কোর্সের প্রায় দুই তৃতীয়াংশ শেষ করে ফেলেছেন রাশিদা। চমৎকার কোর্স কারিকুলাম আর দক্ষ প্রশিক্ষকের তত্ত্বাবধানে থাকায় ছেলে ও মেয়েদের বিভিন্ন পোশাক বানানো শিখে গেছেন তিনি। নিজেকে বেশ আত্মবিশ্বাসী মনে করছেন। কোর্স শেষে তিনি একটি সেলাই মেশিন কিনবেন বলে ভেবেছেন। নিজে পোশাক তৈরি করবেন এবং তা দিয়ে পড়াশোনার পাশাপাশি উপার্জন করবেন।

রাশিদা তার সমবয়সী ছেলে-মেয়েদের উদ্দেশ্যে বলেন, "কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা পড়াশোনা করে এবং অনেক কাজ শিখে। কিন্তু আমরা সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানে পড়ি বলে তাদের থেকে অনেক পিছিয়ে আছি। কাজ শিখলে দক্ষতা বাড়ে এবং উপার্জনের পথ খুলে যায়। এমটিএস কতৃপক্ষকে ধন্যবাদ প্রত্যন্ত অঞ্চলে আমাদের এমন সুযোগ করে দেওয়ার জন্য।"

এটি মানবিক সাহায্য সংস্থা'র মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিটের একটি প্রকাশনা
সেল সেন্টার (৪র্থ তলা),২৯ পশ্চিম পান্থপথ, ঢাকা -১২০৫